

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৩ অধিশাখা
www.mofl.gov.bd

নম্বর-৩৩.০০.০০০০.১১৯.১৩.০৪৮.২১-৯৫

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০
১৪ মার্চ ২০২৪

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ মরহুম ডাঃ নাসের সামা চৌধুরী (শ্রেডেশন নং-১৩৫৭), প্রাক্তন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা-এর বিধবা স্ত্রী জনাব তাহমিনা আক্তার-এর অনুকূলে পারিবারিক পেনশন ও আনুতোষিক মঞ্জুরি।

সূত্রঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নং-৩৩.০১.০০০০.১০১.১৩.০৯৪.১৭-৪৪৫, তারিখ: ২৫/০২/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ডাঃ নাসের সামা চৌধুরী (শ্রেডেশন নং-১৩৫৭), প্রাক্তন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা গত ১৭/০৮/২০২২ খ্রিঃ তারিখে (মৃত্যু সনদ অনুসারে) মৃত্যুবরণ করেছেন। তাঁর স্ত্রী জনাব তাহমিনা আক্তার-এর অনুকূলে পারিবারিক আনুতোষিক বাবদ মোট প্রাপ্য ৪৩,২৪,৪৬০/- (তেতাল্লিশ লক্ষ চব্বিশ হাজার চারশত ষাট) টাকা হতে মরহুম কর্মকর্তার ইএলপিসিতে উল্লিখিত বেতন ভাতাদি বাবদ অতিরিক্ত গৃহীত ৭,৩৭,০২৭/৭২ (সাত লক্ষ সাতত্রিশ হাজার সাতাশ টাকা বাহাত্তর পয়সা) টাকা কর্তনপূর্বক (৪৩,২৪,৪৬০ - ৭,৩৭,০২৭/৭২) = ৩৫,৮৭,৪৩২.২৮/- (পঁয়ত্রিশ লক্ষ সাতাশ হাজার চারশত বত্রিশ টাকা আটশ পয়সা) টাকা এবং মাসিক পূর্ণ পারিবারিক পেনশন বাবদ ১৮,৮০২/- (আঠারো হাজার আটশত দুই) টাকা মাত্র নির্দেশক্রমে মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

২। সূত্রস্থ পত্রের তথ্যানুযায়ী মরহুম কর্মকর্তার অনুকূলে অডিট আপত্তি এবং সরকারি কোন পাওনা নেই। মরহুম কর্মকর্তার বিধবা স্ত্রী কর্তৃক প্রদত্ত অঙ্গীকারনামা এবং পেনশন ফরম ২.২ অনুযায়ী, তার নিকট সরকারের কোন পাওনা থাকলে তা তিনি বিধি মোতাবেক পরিশোধ করতে সম্মত আছেন। পেনশন পরিশোধের পর যেকোন সময় অন্যত্র কোন আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত হলে তা তিনি পারিবারিক অবসর ভাতা/নিজস্ব সম্পত্তি হতে ফেরৎ প্রদানে বাধ্য থাকবেন। যদি পরবর্তী সময়ে দেখা যায় যে, বিধি মোতাবেক তিনি যে পরিমাণ অর্থ পেনশন হিসেবে পাওয়ার অধিকারী, তাকে তা অপেক্ষা বেশি পরিমাণে অবসর ভাতা/আনুতোষিক প্রদান করা হয়েছে, তা হলে গৃহীত অতিরিক্ত অর্থ তার পারিবারিক অবসর ভাতা/নিজস্ব সম্পত্তি হতে তিনি ফেরৎ দিতে বাধ্য থাকবেন।

৩। মরহুম কর্মকর্তার পারিবারিক পেনশন সংশ্লিষ্ট নিম্নরূপ কাগজপত্রাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্তপূর্বক প্রেরণ করা হলো। এ সংক্রান্ত পেনশন পরিশোধ আদেশ (পি.পি.ও) জারি করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	বিবরণ	সংখ্যা
১	পূরণকৃত পারিবারিক পেনশন ফরম	১ কপি
২	মৃত কর্মকর্তার চাকরির বিবরণী-	১ পাতা
৩	মৃত কর্মকর্তার স্ত্রীর অনুকূলে লাম্পগ্রান্ট মঞ্জুরিপত্র	১ পাতা
৪	প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি)	১ পাতা
৫	মৃত কর্মকর্তার স্ত্রীর পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি	১ কপি
৬	মৃত কর্মকর্তার স্ত্রীর জাতীয় পরিচয়পত্র	১ কপি
৭	উত্তরাধিকার সনদ ও নন-ম্যারিজ সার্টিফিকেট	১ কপি
৮	স্ত্রীর নমুনা স্বাক্ষর ও পাঁচ আঙ্গুলের সত্যায়িত ছাপ	১ কপি
৯	আনুগত্য সনদপত্র ও অঙ্গীকারনামা	২ কপি

২

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য-

১০	অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করার জন্য ক্ষমতা অর্পন সনদ	১ কপি
১১	কর্মকর্তার মৃত্যু সনদপত্র	২ কপি
১২	বিভাগীয় না-দাবী প্রত্যয়নপত্র	১ কপি
১৩	কর্মকর্তার কর্মকালীন অডিট আপত্তি নিষ্পত্তি সম্পর্কে ৭ কলাম বিশিষ্ট নিরীক্ষা সংক্রান্ত প্রত্যয়নপত্র	১ কপি
১৪	বিভিন্ন কর্মস্থলের ১৭ কলাম বিশিষ্ট নিরীক্ষা সংক্রান্ত তথ্যাদি ও না-দাবী এবং বিভাগীয় মামলা সংক্রান্ত প্রত্যয়নপত্র	১৩ পাতা
১৫	চাকরি বৃত্তান্ত সংক্রান্ত অন্যান্য কাগজপত্রাদি (২০১৫ এর পে ফিক্সেশনের অনুলিপি সহ)	২০ পাতা

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী ৫০ (পঞ্চাশ) ফর্দ।

শ্রীঃ

(শেখ কামরুল হাসান)

উপসচিব

ফোন: ২২২৩৩৫৬৬৯৮

E-mail: livestock-3@mofl.gov.bd

নম্বর-৩৩.০০.০০০০.১১৯.১৩.০৪৮.২১-৯৫/১(৮)

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০
১৪ মার্চ ২০২৪

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
২. জনাব তাহমিনা আক্তার, স্বামী- মরহুম ডাঃ নাসের সামা চৌধুরী (প্রেডেশন নং-১৩৫৭), প্রাক্তন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা; **বর্তমান ঠিকানা**- মুরাদপুর, এ্যালুমিনিয়াম গলি, সায়মা ম্যানশন (৩য় তলা), পাঁচলাইশ, চট্টগ্রাম; **স্থায়ী ঠিকানা**- ৬৬/এ, ডিবি রোড, সেহড়া, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৩. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

শেখ কামরুল হাসান
১৪.০৩.২৪

(শেখ কামরুল হাসান)

উপসচিব